



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং -২৮.০৯.০০০০.০৩৫.০৭.০০১.২০/১৬০

তারিখ ২৯-০৩-২০২১

বিজ্ঞপ্তি

বাপেক্সে স্থায়ীভাবে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৩-১১-২০২০ তারিখে অনুষ্ঠিত বাপেক্স পরিচালনা পর্ষদের ৪৩৩ তম সভায় বাপেক্সে স্থায়ীভাবে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী ও পরিবারের সদস্যগণের হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিক্যাল কলেজ হাসপাতাল হতে চিকিৎসা সেবা গ্রহণের সুবিধাটি পুনর্বহালের অনুমোদন প্রদান করা হয়। উক্ত সভায় চিকিৎসা সেবা গ্রহণের নিমিত্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বাপেক্সে স্থায়ীভাবে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী ও পরিবারের সদস্যগণের হলি ফ্যামিলি হাসপাতাল হতে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা গ্রহণের সুবিধাটি পুনর্বহাল ও এ লক্ষ্যে হাসপাতাল কর্তৃপক্ষের সাথে ৩০-১২-২০১৬ থেকে পরবর্তী পাঁচ বৎসরের জন্য প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ রেখে চুক্তি নবায়নের অনুমোদন প্রদান করা হয়। উক্ত ১০.০০ লক্ষ টাকার অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে।

খ) চিকিৎসা সেবা গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীর মোট ব্যয়িত বিলের ৬০% কোম্পানির আর্থিক তহবিল হতে নির্বাহ করা হবে এবং বাকী ৪০% কর্মকর্তা-কর্মচারী নিজস্ব তহবিল হতে নির্বাহ করবেন।

গ) কর্মকর্তা-কর্মচারীগণের পরিবারের সদস্যরা নিজ খরচে হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিক্যাল কলেজ হাসপাতাল হতে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারবেন।

এ লক্ষ্যে গত ০৩-১২-২০২০ তারিখ হাসপাতাল কর্তৃপক্ষের সাথে চুক্তি নবায়ন করা হয়।

পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্তের আলোকে কর্মকর্তা-কর্মচারীগণ ও তাদের পরিবারের সদস্যগণ(স্বামী/স্ত্রী, পুত্র, কন্যা, পিতা,মাতা) হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিক্যাল কলেজ হাসপাতাল হতে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারবেন। চিকিৎসা সংক্রান্ত অন্যান্য নীতিমালা অপরবর্তিত থাকবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২৯.০৩.২০২১
(মোহাম্মদ আবুল বশর)

মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণঃ

১। সকল বিভাগীয়/উপবিভাগীয়/প্রকল্প প্রধান বাপেক্স।

অনুলিপিঃ

- ১। উপমহাব্যবস্থাপক (আইসিটি), বাপেক্স, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহকারে)
- ২। ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড
- ৪। অফিস কপি